

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৩.২০(অংশ-১)-৫০০

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১
১৮ এপ্রিল ২০২৪


প্রজ্ঞাপন

বগুড়া জেলার দুপচাঁচিয়া পৌরসভার মেয়র জনাব মোঃ জাহাঙ্গীর আলম এর বিরুদ্ধে দুদক কর্তৃক দায়েরকৃত হাইকোর্ট বিভাগের আদেশ জালিয়াতি মামলা নং-১৪/২৩ (স্পেশাল), জিআর নম্বর ২৬৭/২০১৮ (দুপ:) (৯৭/২১ নাশকতা এসটি) এবং জিআর নম্বর ১৫৯/২০১৭ (দুপ:) (০১/২০ সন্ত্রাস) মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) অনুযায়ী তাঁকে দুপচাঁচিয়া মেয়রের পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

২। এমতাবস্থায়, দুপচাঁচিয়া পৌরসভার মেয়র জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে সাময়িকভাবে বরখাস্ত করায় এবং উক্ত পৌরসভার মেয়র পদ হতে অপসারণের কার্যক্রম শুরু করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৪০ (৩) অনুযায়ী উক্ত পৌরসভার প্যানেল মেয়র-১ কে প্রশাসনিক ও দাপ্তরিক কাজের সুবিধার্থে পৌরসভার মেয়রের আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

 ২৬/০৪/২০২৪

মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২


ইমেইল: lqpaura1@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৩.২০(অংশ-১)-৫০০/১(১০)

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১
১৮ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক, বগুড়া
৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্যানেল মেয়র-১, দুপচাঁচিয়া পৌরসভা, বগুড়া
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১০. জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পিতা: মোঃ আফতাব হোসেন, গ্রাম: সি.ও.অফিস রোড, ডাকঘর: দুপচাঁচিয়া, উপজেলা: দুপচাঁচিয়া, জেলা: বগুড়া (সাময়িক বরখাস্তকৃত মেয়র, দুপচাঁচিয়া পৌরসভা)

 ২৬/০৪/২০২৪

মোঃ আব্দুর রহমান
উপসচিব